

ভূ-মধ্যসাগরে শান্তিরক্ষার দায়িত্ব পালন শেষে দেশে ফিরেছে নৌবাহিনীর যুদ্ধজাহাজ ‘আলী হায়দার’ ও ‘নির্মূল’

১৮ ফেব্রুয়ারি ২০১৮ঃ দীর্ঘ চার বছর ভূ-মধ্যসাগরে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের আওতায় লেবাননে সফলভাবে দায়িত্ব পালন শেষে দেশে ফিরেছে নৌবাহিনীর যুদ্ধজাহাজ ‘আলী হায়দার’ ও ‘নির্মূল’। আজ রবিবার (১৮-০২-২০১৮) জাহাজ দুইটি চট্টগ্রামস্থ নেভাল জেটিতে আগমন করলে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানান কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল, রিয়ার এডমিরাল এম আবু আশরাফ, বিএসপি, এনসিসি, পিএসসি। এসময় চট্টগ্রাম নৌ অঞ্চলের আঞ্চলিক কমান্ডারগণসহ উচ্চপদস্থ সামরিক কর্মকর্তা ও জাহাজে আগত কর্মকর্তা ও নাবিকদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।



লেবাননে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালন শেষে রবিবার (১৮-০২-২০১৮) দেশে ফিরলে বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ ‘আলী হায়দার’ ও ‘নির্মূল’কে চট্টগ্রামস্থ নেভাল জেটিতে স্বাগত জানান কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল, রিয়ার এডমিরাল এম আবু আশরাফ।
ছবিঃ আইএসপিআর

ভূ-মধ্যসাগরে মাল্টিন্যাশনাল মেরিটাইম টাস্ক ফোর্সের আওতায় জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশ নিতে ২০১৪ সালের মে মাসে বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ আলী হায়দার ও নির্মূল লেবানন গমন করে। শান্তিরক্ষা কার্যক্রমে যোগদানের পর থেকে জাহাজ দুটি লেবানীজ জলসীমায় মেরিটাইম ইন্টারডিকশন অপারেশন, সন্দেহজনক জাহাজ ও এয়ারক্রাফট এর উপর নজরদারী, দুর্ঘটনা কবলিত জাহাজে উদ্ধার তৎপরতা এবং লেবানীজ নৌবাহিনীর সদস্যদের প্রশিক্ষণ প্রদান করে। লেবাননে অবস্থানকালে গত চার বছরে জাহাজ দুটিতে পর্যায়ক্রমে বাংলাদেশ নৌবাহিনীর ১১৪০ জন সদস্য অত্যন্ত দক্ষতা, পেশাদারিত্ব, আন্তরিকতা ও শৃংখলার সাথে অর্পিত দায়িত্ব পালন করেন। লেবাননের স্থিতিশীলতা ও জলসীমার নিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় গত ২১ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যানকন-৮ এর মেডেল প্যারেডে উক্ত জাহাজ দুটির ২৭০ জন নৌ সদস্যকে জাতিসংঘ শান্তিরক্ষা পদক প্রদান করা হয়।

জাহাজ দুটি আন্তর্জাতিক মেরিটাইম টাস্কফোর্সের অধীনে উন্নত বিশেষ অন্যান্য ০৫টি দেশের জাহাজসমূহের সাথে নিয়মিত শান্তিরক্ষা টহল ও বিভিন্ন অভিযানিক কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। এতে অন্যান্য দেশের নৌবাহিনী সম্পর্কে ধারণা লাভের পাশাপাশি ঐ সকল জাহাজের সাথে সমুদ্র মহড়ায় অংশ গ্রহণের মাধ্যমে জাহাজের কর্মকর্তা ও নাবিকদের পেশাগত দক্ষতা বৃদ্ধি পেয়েছে। তাছাড়া গত চার বছর জাহাজ দুইটি ভূ-মধ্যসাগরে সাফল্যের সাথে আন্তর্জাতিক দায়িত্ব পালনের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জল করেছে। পাশাপাশি মিশন কার্যক্রমে অংশগ্রহণ করে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা উপার্জনের মাধ্যমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানও রেখেছে। উল্লেখ্য যে, এই উপমহাদেশের মধ্যে বাংলাদেশ নৌবাহিনীই প্রথম এ ধরনের দায়িত্ব পালন করতে সক্ষম হয়েছে।

উল্লেখ্য, সফলভাবে দায়িত্ব পালন শেষে বানৌজা আলী হায়দার ও নির্মূল গত ০৭ জানুয়ারি ২০১৮ তারিখ বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা করে এবং প্রায় ৭ হাজার ন্যাটিক্যাল মাইল (প্রায় ১৪ হাজার কিঃ মিঃ) সমুদ্রপথ অতিক্রম করে দেশে ১৮ই ফেব্রুয়ারি ২০১৮ তারিখে চট্টগ্রাম এসে পৌঁছায়। এর আগে গত ০১ ডিসেম্বর ২০১৭ তারিখ আলী হায়দার ও নির্মূল এর প্রতিস্থাপক হিসেবে বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ বিজয়-কে লেবাননে নিয়োজিত করা হয়।